

যুগান্তর

প্রিন্ট: ১৪ মে ২০২৬, ০৩:৪০ পিএম

জাতীয়

জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন শিক্ষামন্ত্রী

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৪ মে ২০২৬, ০১:৩৯ পিএম



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ফাইল ছবি

জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সংবাদ সম্মেলনে এসএসসি ও সমমান এবং এইচএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি বিষয়ে কথা বলবেন বলে জানা গেছে।

বৃহস্পতিবার (১৪ মে) বিকাল ৩টায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্র এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আব্দুল্লাহ শিবলী সাদিক।

এর আগে এসএসসি ও সমমান পরীক্ষা এবং এইচএসসি ও সমমান পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণের লক্ষ্যে বুধবার (১৩ মে) শিক্ষা মন্ত্রণালয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব আবদুল খালেক উপস্থিত ছিলেন।